৫৭

2 7 MAY 1997

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...১২... কলাম ...৫...

দৈনিক সংবাদ

# চারশতাধিক কলেজ শিক্ষক এখনো সিলেকশন গ্রেড পাননি

(নিজস্ব বার্তা পরিবেশক)

সরকারি কলেজের ৪১৩ জন প্রভাষক উচ্চতর স্কেলে সিলেকশন গ্রেড না পাওয়ায় দীর্ঘদিন ধরে হতাশা ও অনিশ্চয়তায় ভুগছেন। যদিও একই নীতিমালায় পৃথকভাবে ৪৫ জন প্রভাষক সিলেকশন গ্রেড পেয়েছেন। শিক্ষকরা কয়েকদফা শিক্ষা ভবনে গিয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের কাছে এ ব্যাপারে বিভিন্ন সময় দাবি জানান।

'৯৪ সালের জানুয়ারি মাসে সরকার সিভিল সার্ভিসভুক্ত সকল ক্যাডারের প্রথম শ্রেণীর নিম্নতম ২৮৫০ টাকা স্কেলের মোট পদের ৫০ ভাগকে ৪১০০ টাকার স্কেলে সিলেকশন গ্রেড দেয়ার আদেশ জারি করে। সংস্থাপন মন্ত্রণালয়ের দেয়া আদেশ অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর সিলেকশন গ্রেড দেয়ার জন্য পৃথকভাবে ৪১৩ ও ৪৫ জনের দু'টি তালিকা প্রণয়ন করে। অধিদপ্তর থেকে শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয় ৪৫ জনের তালিকা। শিক্ষা মন্ত্রণালয় ৪৫ জনের সিলেকশন গ্রেড প্রদান করে। পরবর্তীতে বাকি ৪১৩ জন কলেজ শিক্ষকের ব্যাপারে বিভাগীয় পদোন্নতি কমিটি (ডিপিসি) সভা ডেকেও তা বাতিল করা হয়। আগামী ২৮শে মে আবার ডিপিসি সভা আহ্বান করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের নং শাঃ ৮/১০ এম-৬/৯৪/৪৪৮/১(৮) শিক্ষা তারিখ ১৯-৫-৯৭ পত্র দ্বারা ৪১৩ জন প্রভাষকের সিলেকশন গ্রেড প্রদানের সিদ্ধান্তের ব্যাপারে আগামী ২৮শে মে ডিপিসি সভার কথা মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষাকে জানানো হয়েছে।